গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
টাঙ্গাইল।
**tangail.judiciary.org.bd**

আদেশ নং-১২৫

তারিখ ঃ ১৪ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ / ২৯ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ ।

# অফিস আদেশ

**বিষয় ঃ জব্দকৃত আলামত ধ্বংস করণ/নিলামে বিক্রয় প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্চে যে, বিগত ২৭-১০-২০১৮ খ্রিঃ তারিখের পুলিশ-ম্যাজিস্ট্রেসী সম্মেলনে নিম্ন স্বাক্ষরকারীর গোচরীভূত হয়েছে যে, টাঙ্গাইল জেলার বিভন্ন থানায় এবং বন বিভাগ কর্তৃক জিডি মূলে মালিক বিহীন অবস্থায় বিভিন্ন আলামত জব্দ করা হয়েছে যা স্থান সংকুলানের অভাবে থানা কম্পাউন্ডে খোলা আকাশের নীচে অযত্নে অবহেলায় পড়ে আছে।

১। বিভিন্ন থানায় এবং বন বিভাগ কর্তৃক জিডি মূলে জব্দকৃত আলামত বিক্রির জন্য ইতোপূর্বে আবেদন করা হলেও কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি বলে নিম্ন স্বাক্ষরকারীর গোচরীভূত হয়েছে।

২। বিভিন্ন থানায় এবং বন বিভাগ কর্তৃক জিডি মূলে মালিক বিহীন অবস্থায় কিংবা ফৌজধারী কার্যবিধির ৫১ ধারা মতে জব্দকৃত আলামত যথাসময়ে ধ্বংস বা নিলামে বিক্রি না করায় আলামত সমুহ নষ্ট হয়ে রাষ্ট্রের আর্থিক ক্ষতি হচ্ছে মর্মে সভায় মত প্রকাশ করার পাশাপাশি উক্ত আলামত ধ্বংস/নিলামে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সভায় নিম্ন স্বাক্ষরকারীর দৃষ্টি আকর্ষণ করা হয়।

৩। এমতাবস্থায় টাঙ্গাইল জেলার বিভিন্ন থানায় এবং বন বিভাগ কর্তৃক জিডি মূলে মালিক বিহীন অবস্থায় কিংবা ফৌজধারী কার্যবিধির ৫১ ধারায় জব্দকৃত আলামত সমুহ রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্তসহ প্রযোজ্য ক্ষেত্রে ধ্বংস কিংবা নিলামে বিক্রয়ের নিমিত্তে সংশ্লিষ্ট জি.ডি ও জব্দ তালিকাসহ অত্র পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরারবর আবেদন করার জন্য সকল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ও বিভাগীয় বন কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা গেল।

উল্লেখ্য যে, ইতোপূর্বে আবেদন করা হয়ে থাকলে উহার স্মারক নম্বরসহ নতুন ভাবে আবেদন করার জন্য নির্দেশ প্রদান করা গেল।

সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করা হোক।

২৯/১০/১৮
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

স্মারক নং-১০.০০.৯৩০০.০০১.১৮.০৪৪.১৮/ ৬০০ (২৮)

তারিখ ঃ ১৪ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ / ২৯ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

১। পুলিশ সুপার, টাঙ্গাইল।
২। বিভাগীয় বন কর্মকর্তা, টাঙ্গাইল।
৩। কোর্ট পুলিশ পরিদর্শক, টাঙ্গাইল।
৪। অফিসার ইন চার্জ------------------------ থানা, টাঙ্গাইল (সকল)
৫। পি.এ টু সি.জে.এম টাঙ্গাইল।
৬। কম্পিউটার অপারেটর (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
৭। অফিস কপি

২৯/১০/১৮
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।